

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮১৪

আগরতলা, ২২ জুন, ২০২২

**আদর্শ কলোনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস**

ধলাই জেলার অধীন কমলপুর মহকুমার মরাছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন সাইকারবাড়ি হেলথ এন্ড ওয়েলন্যাস সেন্টারের অন্তর্গত আদর্শ কলোনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৬ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস অনুষ্ঠিত হয়। স্বাস্থ্যকেন্দ্রের এএনএম সুশীলা দেববর্মা উক্ত কর্মসূচিতে সকলকে গর্ভবতী মায়েদের ও শিশুদের নিয়মিত টিকাকরণের উপকারিতা, গর্ভবতী মায়েদের কমপক্ষে চারটি এএনসি চেকআপ করানো নিয়ে পরামর্শ প্রদান করেন। এছাড়াও স্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার জয়ন্ত সরকার পরিবার পরিকল্পনার বিভিন্ন উপায়, সংক্রামক ও অসংক্রামক রোগ এবং কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করেন। উক্ত কর্মসূচিতে এলাকার মোট ১৯ জন মা ও শিশু অংশগ্রহণ করেন। এছাড়াও এলাকার অঙ্গনওয়াড়িকর্মী রিক্সিমি ডার্লং আশাকর্মী রেম সুঙ্গি ডার্লং উপস্থিত ছিলেন। উক্ত কর্মসূচির শেষে উপস্থিত সবাইকে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*